গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

১৭ মার্চ ২০২২ স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২২ পালনের কর্মসূচি প্রণয়ন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আব্দুস সবুর মন্ডল পিএএ<br>মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| সভার তারিখ ও সময় | : | ২৭ ফেব্রুয়ারি, ২০২২, বেলা ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ (লেভেল-৭)। |
| উপস্থিতির বিবরণ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন স্বাধীন বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা ও স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যাঁর অদম্য দেশপ্রেম, সর্বোচ্চ ত্যাগ ও বাঙ্গালীর প্রতি গভীর অনুভব থেকে বাংলাদেশের জন্ম। তিনি ১৯৭৫ সালের ১৫ই আগস্ট শাহাদতবরণকারী বঙ্গবন্ধু পরিবারের সকল শহীদদের গভীর শ্রদ্ধায় স্মরণ করেন। তিনি মহান মুক্তিযুদ্ধে আত্নদানকারী সকল শহিদদের আত্মত্যাগের সম্পর্কে তুলে ধরেন। সভাপতি বলেন, প্রতিবছর ১৭ মার্চ জাতির পিতার জন্মদিবস জাতীয় শিশুদিবস হিসেবে উদযাপিত হয়। তিনি ১৭ মার্চ ২০২২ জাতির পিতার জন্মদিবস ও জাতীয় শিশুদিবস জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে ভিন্ন আঙ্গিকে উদযাপনের ওপর গুরুত্বারোপ করেন।

২। ১৭ মার্চ ২০২২ জাতির পিতার জন্মদিবস ও জাতীয় শিশুদিবস উদযাপন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক কর্মপরিকল্পনা গ্রহণের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৩। অত:পর সভায় আলোচনা ও মতামতের ভিত্তিতে নিম্মোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্র: | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১ | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহ জেলা প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ কর্মসূচি পালন করবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়। |
| ২ | ১৭ মার্চ ২০২২ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকীতে সকাল ১০.০০ ঘটিকায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক প্রধান কার্যালয়ে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |
| ৩ | অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ১৭ মার্চ ২০২২ তারিখ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকীতে বেলা ১০.৩০ ঘটিকায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণের উপস্থিতিতে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা সভায় অধিদপ্তরের প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের আমন্ত্রণ জানানো হবে। বয়স অনুযায়ী তাদের মধ্যে বঙ্গবন্ধু বিষয়ক লেখাসমৃদ্ধ শিশুতোষ বই উপহার হিসেবে বিতরণ করা হবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়। |

| ক্র: | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ৪ | ১৭ মার্চ ২০২২ তারিখ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকীতে অধিদপ্তরের বিভাগীয় পর্যায়ের কার্যালয়সমূহ নিজস্ব ব্যবস্থাপনায় ও নিজ দায়িত্বে আলোচনা সভা আয়োজন করবে। জেলা পর্যায়ের কার্যালয়সমূহ জেলা প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক কর্মসূচি পালন করবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মাঠ পর্যায়ের সকল কার্যালয়। |
| ৫ | জাতির পিতার জন্মবার্ষিকীতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ আওতাধীন সকল কার্যালয় পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়। |
| ৬ | জাতির পিতার জন্মবার্ষিকীতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে আলোকসজ্জা করতে হবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়। |
| ৭ | জাতির পিতার জন্মবার্ষিকী ১০২টি বৃক্ষ রোপণের মাধ্যমে যথাযথ মর্যাদায় অধিদপ্তর কর্তৃক উদযাপন করা হবে। অধিদপ্তরের নিজস্ব ও দখলে থাকা ভূমিতে বৃক্ষ রোপণ করতে হবে। এছাড়াও জেলা প্রশাসনের সাথে আলোচনাক্রমে দৃশ্যমান স্থান নির্বাচন করতে হবে। দিবসের এক সপ্তাহ পূর্ব হতে গাছ লাগানোর প্রক্রিয়া (যেমন: গর্ত করা, সার দেয়া, গাছের চারা যোগাড় ইত্যাদি) শুরু করতে হবে। স্থায়ি ফুলের ও ফলের (যেমন: কৃষ্ণচূড়া, জাম ইত্যাদি) রোপণে অগ্রাধিকার দিতে হবে। বঙ্গবন্ধুর ১০২তম জন্মদিনকে স্মরণীয় করে রাখতে কোন সড়ক বা দৃশ্যমান স্থানে ফলক লাগাতে হবে। ফলকে ‘‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০২তম জন্মবার্ষিকী স্মরণীয় রাখতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ১০২টি বৃক্ষ রোপণ’’ লিখতে হবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয় (সকল)। |
| ৮ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশুদিবস উপলক্ষ্যে ১৭ মার্চ, ২০২২ তারিখের পূর্বে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের মধ্যে জেলা কেন্দ্রীক চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হবে। উক্ত প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীকে পুরস্কৃত করার পাশাপাশি সকল অংশগ্রহণকারীকে বঙ্গবন্ধু বিষয়ক লেখাসমৃদ্ধ শিশুতোষ বই উপহার হিসেবে প্রদান করতে হবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয় (সকল)। |
| ৯ | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশুদিবস যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালন নিশ্চিতকরণে আগামী ০৬ মার্চ ২০২২ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকায় ফলোআপ সভা অনুষ্ঠিত হবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |

৪। সভাপতি যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে কর্মসূচীসমূহ যথাযোগ্য মর্যাদায় এবং নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন/পালনের জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করেন।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৩/০৩/২০২২
(মোঃ আব্দুস সবুর মন্ডল পিএএ)
মহাপরিচালক।

নং-৫৮.০২.০০০০.০০৬.২৯.০০১.১৯.৭১৬

তারিখ: ১৮ ফাল্গুন, ১৪২৮ / ০৩ মার্চ, ২০২২

অনুলিপি সদয় অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
২। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।

৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।

৫। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৭। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

৮। উপপরিচালক (......................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, .......................।

৯। সহকারী পরিচালক (.....................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন ....................।

১০। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১১। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩। অফিস কপি।

০৩/০৩/22

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)।